দামুড়হুদায় মাথাভাঙ্গা নদীতে গোসল করতে গিয়ে বৃদ্ধা নিখোঁজ

দামুড়হুদা মাথাভাঙ্গা নদীতে গোসল করতে নেমে এক বৃদ্ধা নিখোঁজের ঘটনা ঘটেছে। ঘটনার পর থেকে দর্শনা ফায়ার সার্ভিসের কর্মীরা উদ্ধারের কাজে ব্যস্ত রয়েছে।

স্থানীয়রা ও পরিবারের স্বজনরা জানান আজ শনিবার দুপুর ১ টা ৩০ মিনিটের দিকে দামুড়হুদা উপজেলার হাউলী ইউনিয়নের রঘুনাথপুর মালিতা পাড়ার জুবান মন্ডলের স্ত্রী জায়েদা খাতুন (৬৫) প্রতিদিনের ন্যায় বাড়ির পাশেই মাথাভাঙ্গা নদীতে গোসল করতে যায়। নদীতে নেমে ডুবদিয়ে গোসল করার সময় নিখোঁজ হন জায়েদা।

তাৎক্ষণিকভাবে স্থানীয়রা অনেক খোঁজাখুঁজি করে না পেয়ে ফায়ার সার্ভিসকে খবর দেন।

এবিষয়ে দর্শনা ফারার সার্ভিসের ফায়ার ফাইটার জিয়াউর রহমান বলেন, আমরা খবর শোনার পরপরই আমাদের একটি দলসহ স্থানীয় লোকজন প্রায় তিন ঘন্টা চেষ্টা করেও উদ্ধার করা সম্ভব হয়নি।

আমরা খুলনা থেকে ভুবুরি আসার জন্য বলেছি, ইতিমধ্যেই তারা রওনা হয়েছে। ডুবুরির দল এসে কাজ শুরু করলে অবশ্যই আমরা লাশ উদ্ধার করতে সক্ষম হবো। শেষ খবর সাড়ে ৩ ঘন্টায়ও মাথাভাঙ্গা নদী থেকে বৃদ্ধার লাশ উদ্ধার করা সম্ভব হয়নি। তবে স্থানীয়রা উদ্ধার কাজ চালিয়ে যাচ্ছে।